

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৭০৩

আগরতলা, ২৭ জানুয়ারি, ২০২৪

জেআরবিটির মাধ্যমে কারা দপ্তরে এলডিসি পদে অফার বিতরণ

রাজ্যের সার্বিক বিকাশ ও জনকল্যাণই

সরকারের মুখ্য উদ্দেশ্য : কারামন্ত্রী

রাজ্যের সার্বিক বিকাশ ও জনকল্যাণই সরকারের মুখ্য উদ্দেশ্য। এই লক্ষ্যে সরকার এক ত্রিপুরা শ্রেষ্ঠ ত্রিপুরা গড়ে তোলার প্রয়াস নিয়েছে। গতকাল সচিবালয়ে এক অনুষ্ঠানে জেআরবিটির মাধ্যমে কারা দপ্তরে এলডিসি পদে অফার বিতরণ অনুষ্ঠানে কারামন্ত্রী সাস্ত্রনা চাকমা একথা বলেন। অনুষ্ঠানে কারামন্ত্রী জেআরবিটির মাধ্যমে নির্বাচিত ৫ জন চাকরি প্রাপকের হাতে অফার তুলে দেন।

অনুষ্ঠানে কারামন্ত্রী সাস্ত্রনা চাকমা প্রজাতন্ত্র দিবস উপলক্ষে রাজ্যবাসীকে শুভেচ্ছা জানান। তিনি বলেন, প্রজাতন্ত্র দিবস আমাদের কাছে এক গুরুত্বপূর্ণ দিন। এই দিনে ভারতের সংবিধান কার্যকর হয়েছিল। তিনি আশা প্রকাশ করেন আজ যারা অফার পেয়েছেন তারা প্রত্যেকে এই দিনটি স্মরণে রেখে আগামীদিনে দপ্তরের জন্য কাজ করবেন। তিনি বলেন, নবনিযুক্তদের সক্রিয় অংশগ্রহণে দপ্তর আরও শক্তিশালী হবে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আইজি প্রিজন এ রমেশ রেডি।

\*\*\*\*\*